দৈনিক বাংলা

তারিখ ৩।৪।৮২
পৃষ্ঠা ... কলাম ...

# নিজেদের স্কুলের কথা যেন ভুলে না যাই—

তথ্য ও বেতারমন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী মগবাজার উচ্চ বালিকা বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ-দানকালে বলেন, লেখাপড়া শিখে তারা যেন তাদের স্কুলের কথা কখনও ভুলে না যায়। সেটাই হল সবচেয়ে বড় শিক্ষা।

তিনি আনন্দ প্রকাশ করে বলেন, এখনকার ছাত্ররা নিয়মশৃংখলা ও কর্তব্যসচেতন হয়েছে। শিক্ষক-শিক্ষিকারাও আধুনিক মনোসিকতায় তাদের ছাত্রদের শিক্ষা দিচ্ছেন।

তিনি বলেন শিক্ষাকালীন সময়ে শিক্ষার ও শিক্ষকের মর্যাদা যেমন আবশ্যক তেমনি শিক্ষা শেষে বড় হলে প্রতিষ্ঠিত হলে ছাত্ররা নিজেদের শিক্ষা প্রতিষ্ঠানকে যেন ভুলে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

না যায়।

জনাব চৌধুরী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের চেয়ারম্যানও। তিনি বোর্ডের পক্ষ থেকে বিদ্যালয়ের মগবাজার বালিকা বিদ্যালয়ের খেলাধূলার মান উন্নত করার জন্য দশ হাজার টাকা প্রদানের কথা ঘোষণা করেন।

ঢাকার বিভাগীয় কমিশনার ও বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি জনাব খানে আলম খান এবং স্কুলের প্রধান শিক্ষিকা মিসেস মাসুদা হোসেনও বক্তৃতা করেন। তথ্যমন্ত্রী বিজয়ী ছাত্রছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন খবর প্রেস বিজ্ঞপ্তির।